বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২৩-৩৭৬ তারিখঃ ২৯ জানুয়ারী, ২০২৫

**অফিস আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী নির্বাচন, সমিতি গঠন, ঋণ বিতরণ ও আদায়, তদারকি, হিসাব সংরক্ষণ, আত্মসাতরোধকল্পে করনীয়সহ বিভিন্ন বিষয়ে সুনির্দিষ্টভাবে প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা ও সময় সময় জারিকৃত বিভিন্ন আদেশের মাধ্যমে বারংবার নির্দেশনা প্রদান করা হলেও মাঠ পর্যায়ে তার যথাযথ প্রতিফলন পরিলক্ষীত হচ্ছে না। বিশেষ করে ঋণ বিতরণ ও প্রশিক্ষণের ক্ষেত্রে যথাযথভাবে সুফলভোগী নির্বাচন/যাচাই না করা, অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণ ও ঋণের সিলিং বৃদ্ধির ফলে মাঠ পর্যায়ে কিস্তি খেলাপী ও মেয়াদোর্ত্তীণ ঋণের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। খেলাপীর অধিকাংশ অর্থই দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট মাঠ সংগঠকের নিকট আত্মসাৎ/হস্তমজুদ রয়েছে মর্মে প্রতিয়মান হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে মাঠ সংগঠকের সাথে কর্মসূচির হিসাব সহকারী ও এআরডিওর সংশ্লিষ্টতা লক্ষ্য করা যাচ্ছে। সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এবং সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কর্মসূচির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, হিসাব সহকারী'র যথাযথ তদারকির ঘাটতি ও দায়িত্ব অবহেলার কারনে মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে। তাই প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা বৃদ্ধি, খেলাপী হ্রাস, আত্মসাৎ ও সকল অনিয়ম প্রতিরোধকল্পে নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

ক) প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা ও সময় সময় জারিকৃত বিভিন্ন আদেশ/নির্দেশনা যথাযথভাবে অনুসরন;
খ) সদস্য যাচাই না করে লক্ষ্যমাত্রা অর্জনের অযুহাতে যেনতেনভাবে প্রশিক্ষণ ও ঋণ বিতরণ করা যাবে না;
গ) ঋণ বিতরণের এ্যাডভাইজ/চেক প্রদানের ক্ষেত্রে সুফলভোগীদের আবশ্যিকভাবে স্ব-শরীরে উপস্থিতি, বিতরণকৃত ঋণের পরিমাণ ও ঋণের ব্যবহার সর্ম্পকে নিশ্চিত হতে হবে;
ঘ) যে সকল মাঠ সংগঠকের ব্লকে খেলাপীর পরিমাণ বেশি, পর্যায়ক্রমে সে সকল মাঠ সংগঠকের সকল সমিতি সরেজমিনে যাচাই/তদন্ত করে প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করতে হবে;
ঙ) কোন সমিতির ঋণী সদস্য পাওয়া না গেলে উক্ত সদস্যের সমুদয় খেলাপী ঋণ সুদসহ সংশ্লিষ্ট মাঠ সংগঠক হতে আদায়যোগ্য হবে;
চ) ইউআরডিও'র অনুমোদন ব্যতিত সফটওয়্যারে সমিতি, সদস্য, ঋণ প্রস্তাব অনুমোদন, সঞ্চয় সমন্বয় করা যাবে না, এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট হিসাব সহকারী ব্যক্তিগতভাবে দায়ি হবেন এবং এ ক্ষেত্রে কোন আর্থিক অনিয়ম সংঘঠিত হলে উক্ত হিসাব সহকারীর নিকট হতে সকল অর্থ আদায়যোগ্য হবে;
ছ) খেলাপী ঋণ আদায়ে ইউআরডিও তত্বাবধানে এআরডিওর নেতৃত্বে কর্মসূচির সকল কর্মচারীর সমন্বয়ে সপ্তাহে ন্যুনতম ০১ বার ক্রাশপ্রোগ্রাম পরিচালনা করতে হবে এবং এ সংক্রান্ত আদায়ের তথ্য প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।

২। প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

২৯/০১/২০২৫
মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

<u>অনুলিপি বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ</u>

১. উপ প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল জেলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।
৭. হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।